**WEST BENGAL STATE UNIVERSITY**
B.A. Programme 6th Semester Examination, 2023

# BNGGDSE03T-BENGALI (DSE2)

## বাংলা গদ্য ও প্রবন্ধ পাঠ

Time Allotted: 2 Hours Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

**একক-১**

(ক) প্রবন্ধসাহিত্যের সংজ্ঞা দাও। বস্তুনিষ্ঠ প্রবন্ধ এবং আত্মনিষ্ঠ প্রবন্ধের বৈশিষ্ট্যগুলির উল্লেখ করো। প্রসঙ্গত, একটি বস্তুনিষ্ঠ প্রবন্ধের পরিচয় দাও। ২+৪+৪

**অথবা**

(খ) রম্যরচনা কোন্ কোন্ গুণে রমণীয় হয়ে ওঠে, তা ব্যাখ্যা করো। বাংলা সাহিত্যের একজন সফল রম্যরচনাকার সম্পর্কে আলোচনা করো। ৫+৫

**একক-২**

(গ) "... একের কামনা দশের মধ্যে প্রবাহিত হয়ে" ওঠাকেই অবনীন্দ্রনাথ ঠাকুর ব্রতের আদর্শ বলে মনে করেছেন —আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) পল্লীগ্রামের সহজ জীবনযাত্রার ছবি, প্রকৃতি এবং মেয়েদের দুর্বার জীবনাকাঙ্খা মেয়েলি ব্রতগুলিতে কীভাবে উঠে এসেছে তা আলোচনা করো। ১০

**একক-৩**

(ঙ) 'হিমালয় ভ্রমণ' প্রবন্ধে লেখক হিমালয় ভ্রমণের যাত্রাপথের যে বর্ণনা দিয়েছেন, 'পিতৃস্মৃতি' গ্রন্থানুসরণে তা বিবৃত করো। ১০

**অথবা**

(চ) 'বাবাকে যেমন দেখেছি' রচনায় রবীন্দ্রনাথের ব্যক্তিত্বের যে বিশেষ বিশেষ স্বাতন্ত্র্যগুলি রথীন্দ্রনাথের দৃষ্টিতে ধরা পড়েছে, 'পিতৃস্মৃতি' গ্রন্থ অনুসরণে তার পরিচয় দাও। ১০

একক-৪

(ছ) 'অলংকার না Badge of Slavery' প্রবন্ধে সমাজে নারীর বঞ্চিত ও অবমানিত অবস্থানকে প্রবন্ধকার কীভাবে প্রকাশ করেছেন তা বুঝিয়ে দাও। ১০

অথবা

(জ) মনোমোহিনী দাসীর 'পত্র' নামক প্রবন্ধে প্রকাশিত লেখিকার বক্তব্য পর্যালোচনা করো। ১০

২। যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) যে-কোনো *একটি* সম্পর্কে সংক্ষেপে উত্তর দাওঃ ৫

ভ্রমণসাহিত্য, পত্রসাহিত্য, সমালোচনা সাহিত্য।

(খ) শাস্ত্রীয় ব্রতের গঠন সম্পর্কে আলোচনা করো। ৫

অথবা

লক্ষ্মীব্রতের বৈচিত্র্যের পরিচয় দাও। ৫

(গ) 'পিতৃস্মৃতি'তে দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের চরিত্রটি রথীন্দ্রনাথ কীভাবে বর্ণনা করেছেন? ৫

অথবা

'পিতৃস্মৃতি'তে কথিত স্বদেশী আন্দোলনের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

(ঘ) রাসসুন্দরীর 'আমার জীবন'-এ পিতৃতান্ত্রিক পরিবার ও সমাজে নারীর অবস্থানের সংকট কীভাবে ফুটে উঠেছে বুঝিয়ে দাও। ৫

অথবা

'স্ত্রীলোক ও পুরুষ' প্রবন্ধটি কার লেখা? কবে এই প্রবন্ধটি প্রকাশিত হয়? স্ত্রীলোক ও পুরুষের তুলনামূলক আলোচনা প্রসঙ্গে প্রবন্ধকারের বক্তব্যটি সংক্ষেপে বুঝিয়ে দাও। ১+১+৩

——×——